হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 18 AUGUST 2025 , MONDAY | ১৮ আগস্ট ২০২৫ , সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-366

দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

## তৃণমূলের সন্ত্রাসের প্রতিবাদে তুফানগঞ্জ বিধানসভা কেন্দ্রে বিক্ষোভ মিছিল বিজেপির




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৭ আগস্ট : কোচবিহার জেলার তুফানগঞ্জ বিধানসভা এলাকায় তৃণমূলের সন্ত্রাসের প্রতিবাদে রবিবার বিক্ষোভ মিছিল করলো বিজেপি। এদিনের মিছিলে উপস্থিত ছিলেন সাংসদ মনোজ টিগ্গা, বিধায়ক মালতী রাভা, দলের কোচবিহার জেলা সভাপতি অভিজিত বর্মন সহ দলের অন্যান্য নেতৃত্ব ও সাধারন কর্মীগন। জেলা সভাপতি অভিজিত বর্মন জানান জেলাজুড়ে তৃণমূলীরা বিজেপি কর্মী সমর্থকদের উপর সন্ত্রাস চালাচ্ছে, মারধর করছে, মিথ্যা মামলায় বিজেপি কর্মী সমর্থকদের জড়িয়ে দেওয়া হচ্ছে। এসবের প্রতিবাদ জানাতেই এই বিক্ষোভ মিছিল এর আয়োজন করা হয়েছে।

## তৃণমূল ও সিপিআইএম ছেড়ে তিনশোটি পরিবার যোগ দিলো বিজেপিতে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১৭ আগস্ট : জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ বিধানসভা কেন্দ্রে রবিবার তিনশোটি পরিবারের চারশো জন সদস্য তৃণমূল ও সি পি আই এম দল ছেড়ে বিজেপিতে যোগ দিলেন। এদিন এই যোগদান কর্মসূচি আয়োজিত হয় আমবাড়ি তারঘেরা ময়দানে। বিজেপিতে নবাগতদের হাতে দলের পতাকা তুলে দেন বিজেপির জলপাইগুড়ি জেলা কমিটির সম্পাদক তথা ব্লক কনভেনর নিতাই মন্ডল। উপস্থিত ছিলেন বিজেপির বিভিন্ন মন্ডলের নেতৃত্ব। নিতাই মন্ডল নবাগতদের দলে স্বাগত জানিয়ে বলেন রাজগঞ্জ বিধানসভা কেন্দ্রের প্রতিটি অঞ্চলে খুব শীঘ্রই এই যোগদান কর্মসূচি আয়োজিত হবে। ছাব্বিশের নির্বাচনের আগে এই বিধানসভা কেন্দ্রে তৃণমূলের ঝান্ডা ধরার মতো লোক খুঁজে পাওয়া যাবেনা। ছাব্বিশে পশ্চিমবঙ্গে ক্ষমতা দখল করবে বিজেপি আর রাজগঞ্জ বিধানসভা আসনটি এখানকার কর্মীরা উপহার দেবেন বিজেপিকে এই আশা তিনি রাখেন।

## পাখি শিকারের দায়ে গ্রেপ্তার দুজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট : ভাটিবাড়ী এলাকায় পাখি মারার অপরাধে গ্রেফতার করা হয়েছে দুজনকে রবিবার রাত সাড়ে সাতটা নাগাদ তাদেরকে নিয়ে আসা হয়েছে সাউথ রায়ডাক রেঞ্জের শামুকতলা বনদপ্তরের কার্যালয়ে। জীব সেবা ট্রাস্টের কর্মীরা দুজনকে আটক করে কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের বনদপ্তরের কর্মীদের হাতে তুলে দেয় রবিবার সন্ধ্যা সাড়ে ছয়টা নাগাদ। এরপর কামাখ্যাগুড়ি মোবাইল রেঞ্জের কর্মীরা তাদেরকে নিয়ে আসে শামুকতলা বনদপ্তরের কার্যালয়ে। বনদপ্তরের কর্মীদের কাছ থেকে জানা গেছে পাখি মারার অপরাধে দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে তাদের বাড়ি কামাখ্যাগুড়ি সুপার মার্কেট এলাকায় কারান্তি বেদ এবং কার্তিক বেদ নামে দুজন যুবককে গ্রেফতার করা হয়েছে।

## স্ট্রেচার থেকে পড়ে গেল রুগী কামাখ্যাগুড়িতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট : জরুরী পরিষেবায় হাসপাতালে পৌঁছতে দরকার স্ট্রেচার ,আর সেই স্ট্রেচারই বেহাল দশা ,একেবারে ভগ্নদশায় পরিনিত হয়েছে । শভাঙ্গা স্ট্রেচার থেকে হাসপাতালে নিয়ে যাওয়ার সময় হঠাৎ মাঝ রাস্তায় পরে গেল রুগী । এই দৃশ্য আগেও দেখা গিয়েছে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে । রবিবার বিকেলে এক বিষ খাওয়া রোগীকে জরুরী পরিষেবা দিতে অ্যাম্বুলেন্স থেকে নামিয়ে হাসপাতালে নিয়ে যাওয়ার সময় হঠাৎ ভাঙ্গা স্টেচার থেকে পরে যায় রোগী এতে রোগীর পরিবার হাসপাতাল কর্তৃপক্ষের গাফিলতি অভিযোগ তুলেছেন । অভিযোগ, কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে প্রায় প্রত্যেকটি স্টেচারের ভগ্নদশা রোগীদের স্বার্থে অবিলম্বে স্টেচার বাড়ানো হোক নতুন স্টেচার দেওয়া হোক ।

# ভাইকে বাঁশ দিয়ে পিটিয়ে খুন , চাঞ্চল্য মারাখাতায়




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট : দুইভাই এর বচসার জেরে আলিপুরদুয়ার জেলার মারাখাতা এলাকায় একভাই-কে বাঁশ দিয়ে পিটিয়ে খুন করল আরেক ভাই। জানা গিয়েছে, রবিবার আলিপুরদুয়ার জেলার মারাখাতা এলাকায় দুই ভাই মধ্যে বচসা হয় এরপর হপনা মুর্মু তাঁর আরেক ভাই চিউ মুর্মুকে ধারালো দা দিয়ে কোপ দেয়। এরপর বচসা আরও বাড়লে চিউ মর্মু তাঁর ভাই হপনা মর্মুকে বাঁশ দিয়ে মাথায় আঘাত করতে ঘটনাস্থলে তাঁর মৃত্যু হয়। খবর পেয়ে তড়িঘড়ি ঘটনাস্থলে পৌঁছয় কামাখ্যাগুড়ি ফাঁড়ির পুলিশ। মৃতদেহ উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে আসে। পুলিশ সুত্রে জানাগিয়েছে, খুনের ঘটনায় এক অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। সোমবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মৃতদেহ ময়নাতদন্ত করা হবে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# স্কুল পড়ুয়া কে মারধর ,চাঞ্চল্য সাতালিতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট : স্কুল প্রাঙ্গনে দুই খুদে স্কুল পড়ুয়াকে মারধর ও তার মাকে শারীরিক নিগ্রহের অভিযোগ উঠলো তৃণমূল ব্লক সম্পাদক গৌরা ভগতের বিরুদ্ধে।যা নিয়ে ব্যাপক চাঞ্চল্য দক্ষিণ সাতালি এলাকায়। এ নিয়ে কালচিনি থানায় অভিযোগ দায়ের অভিভাবক ও স্কুল কতৃপক্ষের।মেন্দাবাড়ি গ্রাম পঞ্চায়েত ঘেঁষা সারনা প্রাথমিক বিদ্যালয়।আর সেই বিদ্যালয়েই কয়েকজন পড়ুয়াদের মধ্যে গত মঙ্গলবার বচসা ও হাতাহাতি হয় বলে দাবি স্কুল কতৃপক্ষের।অভিযোগ,এরপরই এ ঘটনাকে কেন্দ্র করে প্রথম শ্রেণীর এক ছাত্রীর বাবা গত বৃহস্পতিবার স্কুল শুরুর সময় স্কুলে এসে তৃতীয় শ্রেণীর এক পড়ুয়া সহ দুজনকে পড়ুয়াকে মারধর করে।সে বিষয়টি চোখে পড়তেই তৃতীয় শ্রেণীর ওই পড়ুয়ার মা ছুটে এসে অভিযুক্তকে আটকাবার চেষ্টা করলে তাকেও মারধর করা হয় বলে অভিযোগ।এ ঘটনায় স্কুলের বাকি পড়ুয়া ও তাদের অভিভাবকেরাও আতঙ্কিত এবং পড়ুয়াদের স্কুলে পাঠাতে ভয় পাচ্ছে বলে দাবি স্কুল কতৃপক্ষের।অভিযুক্ত ব্যক্তি গৌরা ভগত স্থানীয় মেন্দাবাড়ি গ্রাম পঞ্চায়েতের উপ প্রধানের স্বামী তথা তৃণমূল কালচিনি ব্লক সম্পাদক পদে রয়েছে বলে দাবি বাসিন্দাদের। এ বিষয়ে এক পড়ুয়ার অভিভাবক সবিতা বসুমতা বলেন, "আমার ছেলেকে মারধর করতে দেখে আমি ছুটে গিয়ে তাকে আটকাবার চেষ্টা করি।তবে ওই ব্যক্তি উল্টো আমার ওপর চড়াও হয় এবং আমাকেও মারধর করে।এ ঘটনায় আমার ছেলে ও আমার আত্মীয়ের ছেলে দুজনই গুরুতর আহত হয়েছে।"স্কুলের প্রধান শিক্ষক রাজু দে বলেন, "স্কুল প্রাঙ্গনে এই ঘটনা একদমই বরদাস্ত করবো না আমরা।তবুও কেন এমন ঘটনা তিনি ঘটনালেন এরজন্য আলোচনা সভাও ডেকে ছিলাম আমরা।তবে সেখানেও তিনি আসেননি। ফলে এদিন ওই ছাত্রীর বাবার বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেছি।এই বিষয়ে কালচিনি বিধায়ক বিশাল লামা বলেন তৃণমূল মানেই সন্ত্রাসবাদী আর তৃণমূলের কাছে দাদাগিরি, গুণ্ডাগিরি তাদের হাতিয়ার। রাজ্য জুড়ে এমন চলছে। যদিও, এ বিষয়ে কালচিনি ব্লক সভাপতি অসীম কুমার লামা বলেন এরকম ঘটনা যদি হয়ে থাকে খুব দূর্ভাগ্যজনক। আমরা এইসব বিষয় প্রশয় দেই না। কিন্তু এসব ছোটো বিষয় নিয়ে বিজেপি রাজনীতি করছে আমরা তার নিন্দা করি।

# কোচবিহারে যুব তৃণমূল নেতাকে গুলি করে হত্যার অভিযোগে গ্রেপ্তার এক




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১৭ আগস্ট : কোচবিহারে তৃণমূল যুব নেতাকে গুলি করে হত্যার অভিযোগে রবিবার অসম বাংলা সীমানা থেকে এক অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। রবিবার কোচবিহারে সাংবাদিক সম্মেলন করে একথা জানান অতিরিক্ত পুলিশ সুপার শ্রীকৃষ্ণ গোপাল মীনা। তিনি জানান চলতি মাসের নয় তারিখ কোচবিহারের ডোডেয়ারহাটে মাংস কেনার উদ্দেশ্যে তৃণমূল যুব নেতা অমল রায় ওরফে সঞ্জীব রায় তার চার সঙ্গীকে সাথে নিয়ে একটি বোলেরো গাড়ি করে আসেন। সঙ্গীরা হলেন আলমগীর হোসেন,ভোলা সামন্ত,অরূপ রায় ও তাপস রায়। মাংসের দোকানের সামনে দাঁড়িয়ে মাংস কেনার সময় আচমকা এক দুষ্কৃতি গুলি চালায় অমরের উপর। অমর ও তার সঙ্গী আলমগীর হোসেন গুলি বিদ্ধ হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। দুষ্কৃতি ও তার সঙ্গীরা গুলি ছুড়তে ছুড়তে পালিয়ে যায়। স্থানীয়রা গুলিবিদ্ধদের তুলে হাসপাতালে নিয়ে যান। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক অমর রায়কে মৃত বলে ঘোষনা করেন। আলমগীর হোসেনকে জখম অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়। অতিরিক্ত পুলিশ সুপার জানান অমরের শরীরে চারটি গুলি লেগেছিলো, দুটি মাথায় ও দুটি পেটে। আলমগীরের দুটি গুলি লাগে ঊরুতে। ময়না তদন্তের সময় অমরের শরীর থেকে চারটি গুলি বের হয়। এই ঘটনায় তদন্তে নেমে পুলিশ রবিবার অসম বাংলা সীমানা থেকে বিনয় রায় (৩৫) নামে এক দুষ্কৃতিকে গ্রেপ্তার করে।সে একজন শার্প শুটার। তার থেকে উদ্ধার হয় একটি অত্যাধুনিক নাইন এম এম পিস্তল ও চার রাউন্ড গুলি। বিনয় পুন্ডিবাড়ি থানার বানেশ্বর সিদ্ধেশ্বরী গ্রামের বাসিন্দা, তার পিতার নাম অনন্ত রায়। বিনয় বিগত সাত আট বছর ধরে শিলিগুড়িতে বসবাস করে। সে একজন কুখ্যাত দুষ্কৃতি, তার বিরুদ্ধে পকসো সহ অনেকগুলি চুরি ছিনতাইয়ের অভিযোগ রয়েছে।

# জমি নিয়ে বিবাদ ,অভিযোগ পুলিশের কাছে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট : জমির দখল নিয়ে ভাইদের বিবাদের জেরে উত্ত্যক্ত হয়ে উঠল থানুপাড়া এলাকা। মারপিটের দায়ে অভিযোগ দায়ের হয়েছে ভাটি বাড়ি পুলিশের কাছে। এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে রবিবার রাত নটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে জমি বন্ধক দেওয়াকে কেন্দ্র করে দুই ভাইয়ের মধ্যে গন্ডগোল বাদে এরপর শেষ পর্যন্ত পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের হয় পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় IFA নির্দেশিত খেলা হবে দিবস উৎযাপন ও প্রদর্শনী ফুটবল ম্যাচ




এই যুগ ,হাওড়া : ১৬ই আগস্ট ২০২৫ মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় IFA নির্দেশিত খেলা হবে দিবস উৎযাপন ও প্রদর্শনী ফুটবল ম্যাচ আয়োজনে দাসনগর আলামোহন দাস ফুটবল কোচিং সেন্টার। শৈলেন মান্না ফুটবল কোচিং সেন্টার (BDFC) বনাম দাসনগর আলামোহন দাস ফুটবল কোচিং সেন্টার ম্যাচে ,শৈলেন মান্না ফুটবল কোচিং সেন্টার 4-1 গোলে জয়ী হয়। জয়ী দলের হাতে কাপ তুলে দেন আলমোহন দাস ফুটবল কোচিং সেন্টার সম্পাদিকা মাননীয়া সুদেষ্ণা হাজরা মহাশয় ।উপস্থিত ছিলেন মোহন বাগান ক্লাবের প্রাক্তন ফুটবলার মাননীয় ভুবন চ্যাটার্জী মহাশয় ও Bdfc ক্লাবের সভাপতি, সম্পাদক সহ বিশিষ্ট ব্যক্তিবর্গরা



# ডুয়ার্সের চা বাগানে আন্দোলন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৭ আগস্ট : চা বাগানে কর্মরত শ্রমিকদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে প্রতিটি চা বাগানে ম্যানেজার কাছে চার্টার অফ ডিমাণ্ড পেশ করছে তৃণমূল। আগামী সোমবার থেকে বিভিন্ন চা বাগানে ম্যানেজার কাছে তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়ন পক্ষ থেকে এই দাবিপত্র পেশ করা হবে এদিন সাংবাদিক সম্মেলন করে একথা জানান তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়ন এর কেন্দ্রীয় সভাপতি বীরেন্দ্র ওরাঁও। তিনি জানান প্রতিটি চা বাগানে শ্রমিকদের একাধিক সমস্যা আছে সেই সমস্যা গুলো তুলে ধরা হবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |